# ভারতে খেলতে অযৌক্তিক শর্ত মেনে যাবে না বাংলাদেশ: ক্রীড়া উপদেষ্টা



সংগৃহীত ছবি

বাংলাদেশ ভারতীয় শর্ত মানার বিষয়টি গ্রহণ করবে না। যুব ও ক্রীড়া উপদেষ্টা ড. আসিফ নজরুল বলেন, ভেন্যু পরিবর্তনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে যৌক্তিক কারণে। সচিবালয়ে মঙ্গলবার (২৯ জানুয়ারি) সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি বলেন, "আমাদের ছাড়াই স্কটল্যান্ডকে নেওয়া হবে—এ ধরনের কোনো আনুষ্ঠানিক সিদ্ধান্ত আমাদের কাছে নেই। যদি আইসিসি ভারতীয় বোর্ডের সঙ্গে আলোচনা করে চাপ সৃষ্টি করে বা অযৌক্তিক শর্ত চাপিয়ে দেয়, আমরা তা মেনে নেব না।"

তিনি আরও উল্লেখ করেন, ভেন্যু পরিবর্তনের ঘটনা নতুন নয়। এর আগেও পাকিস্তানে ভারতের খেলায় এমন সিদ্ধান্ত নেওয়া হয়েছিল। ড. আসিফ বলেন, "আমরা ভেন্যু পরিবর্তনের বিষয়টি সম্পূর্ণ যৌক্তিক কারণে উল্লেখ করেছি। কোনো অযৌক্তিক চাপের মুখে আমাদের ভারতে খেলতে বাধ্য করা যাবে না।"

LENS ASIA